

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.৩৮.২৫৩.১৫-

তারিখ : ০৪/০৩/২০২০খ্রিঃ


ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরীয় বগুড়া জেলা কার্যালয়ে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ১৮-৩৫ বছর বয়সী আগ্রহী বেকার যুব/যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি/ কোর্স ফি	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	মৌখিক সাক্ষাৎকারের তারিখ ও সময়	মন্তব্য
পোষাক তৈরী	৩ মাস	৮ম শ্রেণী পাস	= ৫০/-	৩০/০৩/২০২০ইং	৩১/০৩/২০২০ইং	
মৎস্য চাষ	১ মাস	৮ম শ্রেণী পাস	= ৫০/-	৩০/০৩/২০২০ইং	৩১/০৩/২০২০ইং	

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/শর্তাবলী :

- ০১। নিম্নস্বাক্ষরকারী বরাবর স্ব-হস্তে লিখিত আবেদন পত্রে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) মোবাইল নম্বর ও (জ) শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।
- ০২। আবেদন পত্রের সাথে (ক) বয়স ও শিক্ষাগত যোগ্যতা প্রমানের জন্য সনদ পত্রের সত্যায়িত কপি (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র (গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি (ঘ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে। উল্লেখ্য মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় মূল সনদ পত্র প্রদর্শন করতে হবে।
- ০৩। আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সংশ্লিষ্ট ট্রেডে (৪র্থ তলা) অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- ০৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্তে আবেদনকারীকে নির্ধারিত তারিখে উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, তিনমাথা রেলগেট, বগুড়ায় সকাল ১০.০০ ঘটিকায় উপস্থিত হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ০৫। ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদন পত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।
- ০৬। প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক সচেতন থাকতে হবে।
- ০৭। প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষার্থীকে কেন্দ্রের যাবতীয় নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে।
- ০৮। প্রশিক্ষণ কোর্সগুলো অনাবাসিকভাবে পরিচালিত হবে।
- ০৯। অন্য কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(বিরাজ চন্দ্র সরকার)
উপ-পরিচালক
ফোন : ০৫১-৬৬২৬৪

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.৩৮.২৫৩.১৫- 

তারিখ : ০৪/০৩/২০২০খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো :

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বগুড়া।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া।
- ০৫। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বগুড়া।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৭।।
- ০৮। অফিস কপি।


উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,
বগুড়া।